গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

স্মারক নম্বর ০৫.৪১.৪৮০২.০০০.৩৭.০০৫.২০- ৬২ তারিখ : ৩১ জানুয়ারি ২০২৪ খ্রি.।

## হাট-বাজার ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

অষ্টগ্রাম উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তিগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ নিম্নবর্ণিত তারিখে বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় (এলজি শাখা) কিশোরগঞ্জ, পুলিশ সুপারের কার্যালয়, কিশোরগঞ্জ, এবং এ কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। দরপত্র দাখিলের তারিখে বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে(যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রাপ্ত দরপত্রসমূহ খোলা হবে। দরপত্রের শর্তাবলী সম্বলিত সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ (এলজি শাখা), সহকারী কমিশনার (ভূমি), অষ্টগ্রাম, সোনালী ব্যাংক, অষ্টগ্রাম শাখা, অষ্টগ্রাম থানা ও এ অফিস থেকে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না ।

০২. উল্লেখ্য যে, দরপত্র দাখিলের বর্ণিত তারিখসমূহে কোন দরপত্র পাওয়া না গেলে অথবা দাখিলকৃত দরপত্রে উদ্ধৃত দর কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত না হলে পরবর্তী তারিখে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত বর্ণিত অফিসসমূহে দরপত্র গ্রহণ করা হবে । এ ক্ষেত্রে প্রতিবার দরপত্র দাখিলের ধার্য তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) দরপত্র সিডিউল উল্লিখিত অফিসসমূহ হতে ক্রয় করা যাবে । কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

### দরপত্র দাখিলের তারিখ সমূহ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৮/০২/২০২৪খ্রি | ১২/০৩/২০২৪খ্রিঃ | ২০/০৩/২০২৪খ্রিঃ | ০২/০৪/২০২৪খ্রিঃ | ১৭/০৪/২০২৪খ্রিঃ | ২৩/০৪/২০২৪খ্রিঃ | ২৯/০৪/২০২৪খ্রিঃ |

### হাট বাজার সমূহ

| ক্রঃনং | হাট বাজারের নাম | ইউনিয়নের নাম | কাঙ্খিত সরকারী মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সাভিয়ানগর বাজার | দেওঘর | ৫৭,৩৩২/- | ৫০০/- | |
| ০২ | কাস্তুল বাজার | কাস্তুল | ১৬,৬৬০/- | ৫০০/- | |
| ০৩ | অষ্টগ্রাম বাবুর বাজার ও গো-হাট | অষ্টগ্রাম সদর | ১,২১,৫৪৫/- | ১,০০০/- | |
| ০৪ | বাঙালপাড়া বাজার ও গো-হাট | বাঙালপাড়া | ৩,৩৩,৯০০/- | ১,২০০/- | |
| ০৫ | আদমপুর লাউড়া বাজার ও গোহাট | আদমপুর | ২৭,৪৬,৩১৯/- | ৬,২০০/- | |
| ০৬ | আব্দুল্লাপুর বাজার ও গো-হাট | খয়েরপুর আব্দুল্লাপুর | ৪,১৮,৩১৮/- | ১,৬০০/- | |
| ০৭ | কদমচাল বাজার ও গো-হাট | খয়েরপুর আব্দুল্লাপুর | ১,৫৬,৫২৭/- | ১,০০০/- | |
| ০৮ | বাজুকা বাজার | খয়েরপুর আব্দুল্লাপুর | ৪,৮৫৪/- | ৫০০/- | |

### শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ১৪৩১ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে ।

০২। দরপত্রদাতাকে দরপত্রে উল্লেখিত দরের ৩০%অর্থ জামানত হিসেবে যে কোন তফসীলভূক্ত ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,অষ্টগ্রাম,কিশোরগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে । ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে, উক্ত জামানত হতে তা মিটানো হবে । বছর সমাপনান্তে অব্যয়িত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে ।

০৩। যার দরপত্র গৃহীত হবে,দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত)কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫%অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর, ১৫% ভ্যাট (মূল্যসংযোজন কর) অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন)বছরের গড় ইজারা মূল্য (সরকারীমূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে । যদি কোন প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত দরপত্র আহবান অব্যাহত থাকবে ।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র/ সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। সীলগালাকৃত খামের উপর দরপত্রদাতার নাম , ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।

০৭। সরকার অনুমোদিত রেইট মোতাবেক টোল আদায় করতে হবে । বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদাকে নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টানিয়ে প্রচার করে টোল আদায় করতে হবে ।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্র সম্বলিত প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে ।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না । যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে ।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট আয়করসহ) পরিশোধের ০৩(তিন)কার্যদিবসের মধ্যে ২৫০/-টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে ।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন ।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করবেন ।

১৪। দাখিলকৃত দরপত্রে কোন প্রকার ঘষামাজা,কাটাকাটি গ্রহণযোগ্য হবেনা ।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারা মূল্য কর্তন পূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে ।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীরেকেই যে কোন প্রকার দরপত্র বাতিল/গ্রহনের ক্ষমতা সংরক্ষন করেন ।

(স্বাক্ষরিত) ৩১/১/২৪

মোছাঃ দিলশাদ জাহান
উপজেলা নির্বাহী অফিসার
অষ্টগ্রাম,কিশোরগঞ্জ ।

স্মারক নম্বর ০৫.৪১.৪৮০২.০০০.৩৭.০০৫.২০- ৬২/১(১২৫)

তারিখ : ৩১ জানুয়ারি ২০২৪ খ্রি.।

অনুলিপি :

০১। মাননীয় সংসদ সদস্য,১৬৫কিশোরগঞ্জ-৪ [সদয় অবগতির জন্য ]
০২। জেলা প্রশাসক,কিশোরগঞ্জ [সদয় অবগতির জন্য ]
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ,কিশোরগঞ্জ [সদয় অবগতির জন্য ]
০৪। উপপরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, কিশোরগঞ্জ [সদয় অবগতির জন্য]
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক,(সার্বিক/রাজস্ব),কিশোরগঞ্জ [ সদয় অবগতির জন্য ]
০৬। চেয়ারম্যান ,উপজেলা পরিষদ,অষ্টগ্রাম,কিশোরগঞ্জ ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার.......................................................,কিশোরগঞ্জ [তাঁকে নিজ কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ]
০৮। সহকারী কমিশনার (ভূমি),অষ্টগ্রাম,কিশোরগঞ্জ [তাকে নিজ কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]
০৯। উপজেলা ..............................................................................কর্মকর্তা(সকল),অষ্টগ্রাম,কিশোরগঞ্জ ।
১০। চেয়ারম্যান,দেওঘর/কাস্তুল/অষ্টগ্রাম সদর/বাঙালপাড়া/কলমা/আদমপুর/খয়েরপুর আব্দুল্লাপুর/পূর্বঅষ্টগ্রাম [তাকে নিজ কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ]
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,অষ্টগ্রাম সদর/সাভিয়ানগর/বাঙালপাড়া/আদমপুর/খয়েরপুর আব্দুল্লাপুর ইউনিয়ন ভূমি অফিস [তাকে নিজ কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ]
১২। সম্পাদক,দৈনিক .................. [তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি ০৫/০২/২০২৪ খ্রিঃ তারিখের পূর্বে অনুর্ধ ৭"x ৬"(সাতইঞ্চি ছয়x ইঞ্চি) জায়গায় যে কোন একদিনের পত্রিকায় প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ]
১৩। জনাব.................................................সভাপতি/সম্পাদক...................................................বাজার,অষ্টগ্রাম।
১৪। জনাব.................................................ইজারাদার/সম্পাদক..................................................বাজার,অষ্টগ্রাম।
১৫। নোটিশ বোর্ড/সংরক্ষিত কপি/অফিস কপি ।

(স্বাক্ষরিত) ৩১/১/২৪

উপজেলা নির্বাহী অফিসার
অষ্টগ্রাম,কিশোরগঞ্জ ।